দৈনিক
ইত্তেফাক

তারিখ ১৩ NOV 2012
পৃষ্ঠা ২ কলাম ৫

# পাকিস্তানে গরীব শিশুদের ফ্রি শিক্ষা দিতে মালালা স্কুল প্রতিষ্ঠার ঘোষণা

■ ইত্তেফাক ডেস্ক

পাকিস্তানের গরীব নারী ও শিশুদের শিক্ষার জন্য দেশজুড়ে 'মালালা স্কুল' প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছে পাকিস্তান। মালালার সম্মানে স্কুলগুলো প্রতিষ্ঠা করা হবে। প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত এবং গরীব শিশুরা এসব স্কুলে বিনামূল্যে শিক্ষালাভ করতে পারবে। পাকিস্তানের ন্যাশনাল

পৃষ্ঠা ১৯ কলাম ৫

## পাকিস্তানে গরীব

প্রথম পৃষ্ঠার পর

কমিশন ফর হিউম্যান ডেভেলপমেন্ট এর চেয়ারম্যান নাফিসা শাহ একথা জানিয়েছেন। তিনি বলেছেন, যেসব এলাকার নারী ও শিশুদের শিক্ষা লাভের সুযোগ সীমিত সেসব এলাকায় মালালা স্কুলগুলো প্রতিষ্ঠা করা হবে। ইতিমধ্যে স্কুলের এলাকা ও স্থানসমূহ বাছাই করা হয়েছে। প্রতি স্কুল প্রতিষ্ঠায় বাজেট হবে ৮ লাখ পাকিস্তানি রুপি। মেয়ে ও ছেলে উভয় শিশুরা এখানে পড়তে পারবে। খবর এএফপির।

পাকিস্তানে নারী ও শিশুদের মাঝে শিক্ষার আলো বিতরণের যে স্বপ্ন দেখেছিল ১৪ বছরের কিশোরী মালালা ইউসুফজাই, সেই স্বপ্ন ধ্বংস করে দিতে এই কিশোরীকেই হত্যা করতে চেয়েছিল তালেবান জঙ্গিরা। তালেবান ভেবেছিল মালালাকে হত্যা করতে পারলে নারী ও শিশুদের স্কুলে যাওয়ার ব্যাপারে নিরুৎসাহিত করা যাবে। অভিভাবকরা আতঙ্কিত হবে। কিন্তু উল্টো পাকিস্তানসহ গোটা বিশ্বের কাছে ধিকৃত হয় তালেবানের এই বর্বর প্রচেষ্টা। ইতিমধ্যে পাকিস্তানসহ গোটা বিশ্বে পালিত হয়েছে 'মালালা দিবস'। সে গোটা বিশ্বের মানুষের সহানুভূতি পেয়েছে। তার স্বপ্ন পূরণে সহায়তার হাত বাড়িয়ে দিতে চেয়েছে অগণিত মানুষ। গত ৯ অক্টোবর মালালা তার স্কুল থেকে বাড়ি ফেরার পথে তালেবান জঙ্গিরা তার স্কুলবাসে ঢুকে গুলি চালালে সে গুরুতর আহত হয়।